

বার্ষিক প্রতিদেন

২০১০-২০১১



বাংলাদেশ কৃষি ব্যাংক Bangladesh Krishi Bank গ্রাম বাংলার গণমানুষের ব্যাংক

প্রধান কার্যালয়: ৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ
টেলিফোন: পিএবিএক্স ৯৫৬০০২১-২২, ২৪-২৫, ৯৫৬০০৩১-৩৫
টেলেক্স: ৬৪২৫২৬, ৬৭১৫৮৬ BKB BJ, SWIFT: BKBABDDH
ফ্যাক্স: ৮৮০-২-৯৫৬১২১১, ৯৫৫৩০২৮, ৯৫৭২২৫৫, ৯৫৫৬৯০৩
e-mail: bkb@citechco.net, bkb@intecworld.net
Website: www.krishibank.org.bd

বিকেবি, পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয়গণের কর্মকাল :

ক্রঃনং	নাম ও পদবী	সময়কাল	
		হইতে	পর্যন্ত
১.	জনাব মোঃ হেলায়েত উদ্দিন আহমেদ ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি পরিচালনা পর্ষদ	মার্চ/১৯৭২	২০-১১-১৯৭৭
২.	জনাব এ,এম, আনিসুজ্জামান ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি পরিচালনা পর্ষদ	২১-০১-১৯৭৭	০৫-১১-১৯৭৮
৩.	জনাব খায়রুল কবির ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি পরিচালনা পর্ষদ	০৬-১১-১৯৭৮	০৫-০৮-১৯৮১
৪.	জনাব কে, এম, হামিদ সভাপতি	০৬-০৮-১৯৮১	২৭-০২-১৯৮২
৫.	জনাব এ,কে,এম, আহসান চেয়ারম্যান	১৭-০৫-১৯৮২	২২-০১-১৯৮৭
৬.	মেজর জেনারেল(অবঃ) মহব্বতজান চৌধুরী চেয়ারম্যান	২৩-০২-১৯৮৭	০২-১২-১৯৯০
৭.	ড. মহীউদ্দিন খান আলমগীর চেয়ারম্যান	১৫-০১-১৯৯১	১৯-০১-১৯৯২
৮.	জনাব খোরশেদ আলম চেয়ারম্যান	২৮-০১-১৯৯২	০৯-১২-১৯৯২
৯.	জনাব মোহাম্মদ আব্দুল বাতেন চেয়ারম্যান	২২-১২-১৯৯২	১৬-০২-১৯৯৪
১০.	জনাব আতাউদ্দিন খান চেয়ারম্যান	০৭-০৫-১৯৯৪	২০-০১-১৯৯৬
১১.	জনাব নজরুল ইসলাম চেয়ারম্যান	০৬-০৮-১৯৯৬	১৬-০৭-১৯৯৬
১২.	ড. মির্জা আবদুল জলিল চেয়ারম্যান	২৫-০৮-১৯৯৬	০৫-০৮-২০০১
১৩.	ড. এ,টি,এম, শামসুল হুদা চেয়ারম্যান	১৬-০৮-২০০১	২৪-০৮-২০০২
১৪.	জনাব আহবাব আহমদ চেয়ারম্যান	১৩-০৫-২০০২	১২-০৫-২০০৫
১৫.	জনাব মোঃ ইসমাইল জবিউল্লাহ চেয়ারম্যান	২৫-০৫-২০০৫	১৪-১০-২০০৬
১৬.	জনাব কে,এম,এস,এ, কায়সার চেয়ারম্যান	১৫-১০-২০০৬	২৪-০৮-২০০৭
১৭.	জনাব এস,এ, চৌধুরী চেয়ারম্যান	১৫-০৮-২০০৭	২৬-০১-২০০৮
১৮.	জনাব খোন্দকার ইব্রাহিম খালেদ চেয়ারম্যান	২৭-০১-২০০৮	অদ্যাবধি

বাংলাদেশ কৃষি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের কর্মকাল :

ক্রঃনং	নাম ও পদবী	সময়কাল	
		হইতে	পর্যন্ত
১.	জনাব মাহবুবুর রহমান	১৬-১২-১৯৭১	০৪-০৩-১৯৭২
২.	জনাব এস,এ, কবির	০৪-০৩-১৯৭২	২৪-০৪-১৯৭২
৩.	জনাব হেমায়েত আহমেদ	২৪-০৪-১৯৭২	২০-০১-১৯৭৭
৪.	জনাব এ,এম, আনিসুজ্জামান	২১-০১-১৯৭৭	০৫-১১-১৯৭৮
৫.	জনাব খায়রুল কবির	০৬-১১-১৯৭৮	১০-০৪-১৯৮৩
৬.	ড. এ,এম,এ রহিম	১১-০৪-১৯৮৩	১০-১০-১৯৮৫
৭.	জনাব এস,এম, আল-হোসাইনী	৩১-১০-১৯৮৫	০১-০৬-১৯৮৬
৮.	ড. তৌফিক-ই-এলাহী চৌধুরী, বিবি (ভারপ্রাপ্ত)	০২-০৬-১৯৮৬	০৭-০৬-১৯৮৬
৯.	ড. এ,এম, এম, শওকত আলী	০৭-০৬-১৯৮৬	০৮-১০-১৯৮৯
১০.	জনাব মোঃ মোসলিম(চলতি দায়িত্বে)	১১-১০-১৯৮৯	১৩-১১-১৯৮৯
১১.	জনাব এ, এইচ, এম, আব্দুল হাই	১৩-১১-১৯৮৯	০৯-১০-১৯৯০
১২.	জনাব খন্দকার রুহুল কুদ্দুস	০৯-১০-১৯৯০	০৪-০৪-১৯৯১
১৩.	জনাব মোঃ মোসলিম(চলতি দায়িত্বে)	২০-০৪-১৯৯১	২৩-০৪-১৯৯১
১৪.	জনাব খন্দকার রুহুল কুদ্দুস	২৩-০৪-১৯৯১	২২-০৪-১৯৯২
১৫.	ড. এ,টি,এম, শামসুল হুদা	১৩-০৫-১৯৯২	১১-১২-১৯৯৪
১৬.	জনাব খন্দকার ইব্রাহিম খালেদ	১১-১২-১৯৯৪	০২-০৮-১৯৯৬
১৭.	জনাব মোশাররফ হোসেন	০৩-০৮-১৯৯৬	১২-০৩-১৯৯৭
১৮.	জনাব এ,জে, মাসুদুল হক আহমেদ	১২-০৩-১৯৯৭	০৪-০১-১৯৯৮
১৯.	জনাব এস, এ, চৌধুরী	০৪-০১-১৯৯৮	০২-০৪-১৯৯৮
২০.	জনাব আলাউদ্দীন এ. মজিদ	০২-০৪-১৯৯৮	০২-০৪-১৯৯৮
২১.	জনাব এস, এ, চৌধুরী	০২-০৪-১৯৯৮	২৩-০৪-১৯৯৮
২২.	ড. শোয়েব আহমেদ	২৩-০৪-১৯৯৮	১২-০৭-২০০০
২৩.	ড. যাদব চন্দ্র সাহা(চলতি দায়িত্বে)	১২-০৭-২০০০	২৩-১১-২০০০
২৪.	জনাব মুরশিদ কুলী খান	২৬-১১-২০০০	১২-১১-২০০১
২৫.	জনাব একেএম, সাজেদুর রহমান	১৩-১১-২০০১	২২-১০-২০০৬
২৬.	জনাব ম. ফজলুল হক(চলতি দায়িত্বে)	২২-১০-২০০৬	২৮-০১-২০০৮
২৭.	জনাব মোহাম্মদ মোখতার হোসেন	২৮-০১-২০০৮	অদ্যাবধি

পরিচালক মন্ডলী
(২০১০-২০১১)

চেয়ারম্যান
জনাব খোন্দকার ইব্রাহিম খালেদ
চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ

পরিচালক
জনাব মোহাম্মদ মোখতার হোসেন
ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক

পরিচালক
জনাব সি.কিউ. কে মুসতাক আহমদ

পরিচালক
জনাব মোশাররফ হোসেন

পরিচালক
জনাব মোঃ হুমায়ুন খালিদ
পরিচালক
জনাব আলাউদ্দীন এ. মজীদ

পরিচালক
জনাব আলহাজ্ব মাহবুবুর রহমান ভূঁইয়া

পরিচালক
জনাব মোঃ সাঈদ আলী

পরিচালক
জিনায়দা ইরফাত

পরিচালক
মোহাম্মদ মুসলিম চৌধুরী

পরিচালক
শাহাবুদ্দিন আহমদ

Board of Directors
(2010-2011)

Chairman
Mr. Khondkar Ibrahim Khaled
Chairman, Board of Directors

Director
Mr. Md. Mukter Hussain
Managing Director
Bangladesh Krishi Bank

Director
Mr. C.Q.K Mustaq Ahmed

Director
Mr. Mosharraf Hossain

Director
Mr. Md. Humayun Khalid
Director
Mr. Alauddin A. Majid

Director
Mr. Alhaj Mahabubur Rahman Bhuyan

Director
Mr. Md. Sayeed Ali

Director
Zinaida Irfat

Director
Mohammad Muslim Chowdhury

Director
Shahabuddin Ahmed

নির্বাহী কমিটি
(২০১০-২০১১)

চেয়ারম্যান
জনাব খোন্দকার ইব্রাহিম খালেদ

সদস্য
জনাব মোহাম্মদ মোখতার হোসেন
ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক

সদস্য
জনাব আলাউদ্দীন এ মজীদ

Executive Committee
(2010-2011)

Chairman
Mr. Khondkar Ibrahim Khaled

Member
Mr. Md. Mukter Hussain
Managing Director
Bangladesh Krishi Bank

Member
Mr. Alauddin A. Majid

সূচীপত্র

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা নং
১.	ভূমিকা	০১
২.	বাংলাদেশের অর্থনীতি	০১
৩.	সঞ্চয় ও বিনিয়োগ	০১
৪.	রাজস্ব ব্যবস্থাপনা	০১
৫.	মুদ্রা ব্যবস্থাপনা	০১
৬.	ব্যাংকিং কার্যক্রম	০২
৭.	ব্যাংকিং খাত সংস্কার কর্মসূচী	০২
৮.	বাংলাদেশ কৃষি ব্যাংক	০২
৯.	বাংলাদেশ অর্থনীতি ও বাংলাদেশ কৃষি ব্যাংক	০২
১০.	আমানত	০৩
১১.	ঋণ বিতরণ	০৪
১২.	ঋণ বিতরণের উল্লেখযোগ্য খাতসমূহ	০৫
১৩.	শস্য ঋণ	০৫
১৪.	শস্য ঋণের উল্লেখযোগ্য উপ-খাতসমূহ	০৫
১৫.	ফলজ, বনজ, ভেষজ নার্সারী ও বাগানের জন্য ঋণ প্রদান	০৫
১৬.	চা উৎপাদন	০৫
১৭.	পার্বত্য চট্টগ্রামে চা ঋণ বিতরণ	০৫
১৮.	সম্ভাবনাময় নতুন কৃষি খাতসমূহ	০৬
১৯.	ভুট্টা চাষ	০৬
২০.	তুলা চাষ	০৬
২১.	অর্কিড চাষ	০৬
২২.	ফুল চাষ	০৬
২৩.	মৎস্য	০৬
২৪.	প্রাণী সম্পদ	০৬
২৫.	সেচ ও খামার যন্ত্রপাতি	০৭
২৬.	কৃষিভিত্তিক শিল্প	০৭
২৭.	আর্থ-সামাজিক কর্মকাণ্ডে ঋণ প্রদান	০৭
২৮.	কৃষি খাতের উন্নয়নে নিয়োজিত বিভিন্ন প্রতিষ্ঠানকে প্রকল্পভিত্তিক অর্থায়ন	০৭
২৯.	আমদানি-রপ্তানি বাণিজ্যে অর্থায়ন	০৭
৩০.	ঋণ আদায়	০৭
৩১.	আইনানুগ ব্যবস্থা	০৮
৩২.	আন্তর্জাতিক ব্যাংকিং ও বৈদেশিক বিনিময় ব্যবসা	০৮
৩৩.	তথ্য প্রযুক্তি ও অটোমেশন	০৯
৩৪.	শাখা নেটওয়ার্ক	০৯
৩৫.	জনশক্তি	০৯
৩৬.	মানব সম্পদ উন্নয়ন	০৯
৩৭.	ব্যাংকের অন্যান্য কার্যক্রম	১০
৩৮.	২০১০-২০১১ অর্থবছরে উল্লেখযোগ্য অর্জনসমূহ	১০
৩৯.	পরিচালনা পর্যদের অবদান	১০
৪০.	কৃতজ্ঞতা জ্ঞাপন	১০

বার্ষিক প্রতিবেদন ২০১০-২০১১

ভূমিকা :

২০১০-২০১১ অর্থবছরে বিশ্ব অর্থনীতির মন্থরগতি সত্ত্বেও বাংলাদেশের অর্থনীতি সন্তোষজনক গতিশীলতা লাভ করে। এ সময়ে বাংলাদেশের অর্থনীতিতে মোট দেশজ উৎপাদনের প্রবৃদ্ধি ছিল ৬.৭%। বাংলাদেশ ব্যাংক কর্তৃক সমন্বয়পযোগী মুদ্রা নীতি প্রণয়ন এবং দারিদ্র দূরীকরণার্থে সরকার কর্তৃক গৃহীত অনুকূল ও সমন্বয়চিত পদক্ষেপ দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিকে এগিয়ে নিতে সহায়তা করে। রপ্তানীর ক্ষেত্রে দ্রুত প্রবৃদ্ধি অর্জন, কৃষি খাতের ব্যাপক উন্নয়ন এবং প্রবাসে কর্মরত বাংলাদেশীদের দেশে বিপুল পরিমাণ মুদ্রা প্রেরণ এ ক্ষেত্রে আরো সহায়ক ভূমিকা রাখে। অভ্যন্তরীণ ঋণের সন্তোষজনক প্রসার, বিশেষ করে ব্যক্তি খাতের প্রতিষ্ঠানসমূহের অর্জিত উচ্চতর প্রবৃদ্ধি বর্ধিত অর্থনৈতিক কর্মকাণ্ডে প্রতিফলন ঘটায়। আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে চলতি হিসাবে উদ্বৃত্ত দেশের বৈদেশিক মুদ্রার মজুদ বৃদ্ধির ক্ষেত্রে সহায়ক ভূমিকা রাখে। এ সময়ে বৈদেশিক মুদ্রার মজুদের পরিমাণ ছিল ১০৯১২ মিলিয়ন মার্কিন ডলার।

১.২ বাংলাদেশের অর্থনীতি :

বিভিন্ন প্রকার প্রাকৃতিক দুর্যোগ ও আন্তর্জাতিক বাজারে জ্বালানী তেল, খাদ্য-শস্য এবং অন্যান্য প্রয়োজনীয় দ্রব্য মূল্যের উর্ধ্বগতি সত্ত্বেও ২০১০-২০১১ অর্থবছরে বাংলাদেশের অর্থনীতি সন্তোষজনক প্রবৃদ্ধি অর্জনে সক্ষম হয়। কৃষি, শিল্প এবং সেবা খাতে যথাক্রমে শতকরা ৫.১৩, ৮.২ ও ৬.২২ হারে প্রবৃদ্ধি ঘটে। ব্রডমানি(এম-২) এর প্রবৃদ্ধি দাঁড়ায় শতকরা ২১.৩৪ ভাগে। এর পেছনে চালিকা শক্তি হিসাবে ক্রিয়াশীল ছিল প্রধানতঃ নীট দেশজ সম্পদের বৃদ্ধি। ২০০৯-২০১০ অর্থবছরে রপ্তানির মোট পরিমাণ ছিল ১৬,২০৪.৭ মিলিয়ন মার্কিন ডলার, ২০১০-২০১১ অর্থবছরে তা বৃদ্ধি পেয়ে ২২,৫৯২.০০ মিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হয়। এ ক্ষেত্রে প্রবৃদ্ধি ঘটেছে শতকরা ৩৯.৪১ ভাগ। এ সময়ে প্রবাসীদের নিকট থেকে প্রাপ্ত অর্থের মোট পরিমাণ ১১,৬৫০.৩ মিলিয়ন মার্কিন ডলার, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ১০,৯৮৭.৪০ মিলিয়ন মার্কিন ডলার। শতকরা হিসাবে এ ক্ষেত্রে প্রবৃদ্ধি ৬.০ ভাগ। প্রবাসীদের প্রেরিত অর্থের এ গুরুত্বপূর্ণ প্রবৃদ্ধির জন্য দেশের বহির্বাণিজ্যে চলতি হিসাবের স্থিতিতে উল্লেখযোগ্য উদ্বৃত্ত অর্জিত হয়েছে। বাংলাদেশ ব্যাংকে বৈদেশিক মুদ্রার মজুদ বৃদ্ধি পেয়ে ১০,৯১২ মিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হয়, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ১০,৭৫০ মিলিয়ন মার্কিন ডলার। তবে জুন, ২০১১ মাসে বার্ষিক গড় মূল্যস্ফীতির হার জুন, ২০১০ মাসের শতকরা ৭.৩ ভাগ থেকে শতকরা ৮.৮ ভাগে বৃদ্ধি পায়। মূল্যস্ফীতির কারণ হিসাবে চিহ্নিত হয় আন্তর্জাতিক বাজারে খাদ্য-শস্য, পেট্রোলিয়ামজাত ও অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি। মূল্যস্ফীতির উর্ধ্বমুখী প্রবণতা সত্ত্বেও প্রবৃদ্ধি সহায়ক ও দারিদ্র দূরীকরণমূলক সরকারি কর্মসূচি এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক গৃহীত যথাযথ মুদ্রা নীতি এ অর্থবছরে শতকরা ৬.৭ ভাগ প্রবৃদ্ধি অর্জনে বিশেষ অবদান রেখেছে।

১.৩ সঞ্চয় ও বিনিয়োগ :

২০১০-২০১১ অর্থবছরে জাতীয় সঞ্চয় পূর্ববর্তী বছরের শতকরা ৩০.০২ ভাগ থেকে কমে শতকরা ২৮.৭৮ ভাগে দাঁড়ায়। এ সময়ে বিনিয়োগ ও দেশজ উৎপাদনের অনুপাত পূর্ববর্তী বছরের শতকরা ২৪.৪ ভাগ থেকে বৃদ্ধি পেয়ে ২৫.৮৮ ভাগে উন্নীত হয়। তাছাড়া দেশজ উৎপাদনের হার সঞ্চয় বিনিয়োগের তুলনায় জুন, ২০১০ এর শতকরা ৪.৩ ভাগ থেকে বৃদ্ধি পেয়ে জুন, ২০১১ এ শতকরা ৫.১ ভাগে উন্নীত হয়। ব্যক্তি খাতে বিনিয়োগ শতকরা ১৯.৫ ভাগে উন্নীত হয়, যা ২০০৯-২০১০ অর্থবছরে ছিল শতকরা ১৯.৪ ভাগ। পূর্ববর্তী বছরের ন্যায় মোট দেশজ উৎপাদনে অভ্যন্তরীণ সঞ্চয়ের হার শতকরা ১.০৩ ভাগে অপরিবর্তিত থাকে।

১.৪ রাজস্ব ব্যবস্থাপনা :

২০১০-২০১১ অর্থবছরে রাজস্ব ব্যবস্থাপনার মূল লক্ষ্য ছিল অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণ এবং ব্যক্তি খাতের উন্নয়ন। এক্ষেত্রে সর্বাধিক গুরুত্বারোপ করা হয় দ্রুত হারে দারিদ্র হ্রাসকরণের উপর। এ লক্ষ্যে জাতীয় বাজেটে একগুচ্ছ লক্ষ্য নির্ধারণ করা হয়, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে অধিকহারে কর্মসংস্থান সৃষ্টি, অবকাঠামোগত প্রতিবন্ধকতা দূরীকরণ, ব্যক্তিখাতের সহায়তাকরণ, মানব সম্পদ উন্নয়ন, সামাজিক খাতে বিনিয়োগ, সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতা অধিকতর সম্প্রসারণ, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং আর্থিক ব্যবস্থাপনা শক্তিশালীকরণ। এ সময়ে কর বহির্ভূত আয় যথেষ্ট বৃদ্ধি পায়, যার শতকরা হার ২০.৩ ভাগ। পূর্বের বছর এ হার ছিল শতকরা ১৩.৮ ভাগ মাত্র। দেশজ উৎপাদনের তুলনায় জুন, ২০১১ এ রাজস্ব আহরণের হার শতকরা ১২.১ ভাগ বৃদ্ধি পায়, যা জুন, ২০১০ এ ছিল শতকরা ১১.৫ ভাগ।

১.৫ মুদ্রা ব্যবস্থাপনা :

২০১০-২০১১ অর্থবছরে সরকার উৎপাদন বৃদ্ধি উপযোগী পরিবেশের উন্নয়নে নানা ধরনের উদ্দীপনামূলক পদক্ষেপ গ্রহণ করে, যার অন্তর্ভুক্ত ছিল কৃষি, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ এবং আয় উৎসারী গ্রামীণ কার্যক্রমে অব্যাহত আর্থিক যোগান। সরকারের এ সব পদক্ষেপের ফলে বাংলাদেশ ব্যাংক প্রবৃদ্ধি সহায়ক মুদ্রা নীতি অনুসরণ করে এবং একই সাথে ক্রমবর্ধমান মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে বিশেষ গুরুত্বারোপ করে। এ সময়ে তফসিলী ব্যাংকসমূহের বিধিবদ্ধ(CRR) জমার পরিমাণ ১৫ ডিসেম্বর, ২০১০ থেকে ০.৫০% বৃদ্ধি করে ৬.০% করা হয়। বিদ্যুৎ উৎপাদন খাত এবং খাদ্যশস্যের আমদানি খাতে বিনিয়োগ উৎসাহ বৃদ্ধিকরণের জন্য একক উদ্যোক্তার ঋণ গ্রহণ সীমা কোন কোন ক্ষেত্রে শিথিল করা হয়। একই সাথে তালিকাভুক্ত ব্যাংকসমূহ বিভিন্ন সেবার বিনিময়ে যে সকল চার্জ/কমিশন গ্রহণ করে থাকে সেগুলোর যৌক্তিকীকরণের প্রতি নজর দেয়া হয়। মূল্যস্ফীতির চাপ হ্রাসকরণকল্পে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংকগুলোর তারল্য সঠিকমাত্রায় সংরক্ষণের জন্য রেপো, রিভার্স রেপো ইত্যাদিসহ অন্যান্য সহায়ক পদক্ষেপ গ্রহণ করা হয়। ফলে মুদ্রা বাজারে কলমানি সুদ হার সহনীয় পর্যায়ে থাকে।

১.৬ ব্যাংকিং কার্যক্রম :

২০১০-২০১১ অর্থবছরে মোট ব্যাংক আমানতের পরিমাণ ৪১১৫.৮৬ বিলিয়ন টাকায় উন্নীত হয়। পূর্ববর্তী অর্থবছরে এর পরিমাণ ছিল ৩৩৭৯.২০ বিলিয়ন টাকা। উপর্যুক্ত আমানতের মধ্যে সরকারি আমানত যুক্ত হয় ২৪৯.২ বিলিয়ন টাকা। মেয়াদি আমানত এবং চাহিদা আমানত বৃদ্ধি পায় যথাক্রমে ৬২৩.৭৬ বিলিয়ন ও ৬৪.৮৪ বিলিয়ন টাকা। এসময়ে ব্যাংক ঋণের স্থিতি দাঁড়ায় ৩৪৭৬.৭৬ বিলিয়ন টাকায়, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ২৭৮২.৫ বিলিয়ন টাকা। একই সময়ে বাংলাদেশ ব্যাংকে তফসিলী ব্যাংকসমূহের বিধিবদ্ধ স্থিতির পরিমাণ পূর্ববর্তী বছরের ২৯৪.১৮ বিলিয়ন টাকা থেকে বর্ধিত হয়ে ৩৮৪.০২ বিলিয়ন টাকায় উন্নীত হয়। তফসিলী ব্যাংকসমূহের ধারণকৃত নগদ অর্থের পরিমাণ পূর্ববর্তী বছরের ৪৩.০৮ বিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে জুন, ২০১১ এ ৫৭.৩২ বিলিয়ন টাকায় উন্নীত হয় এবং ব্যাংক রেট শতকরা ৫ ভাগ অপরিবর্তিত থাকে।

১.৭ ব্যাংকিং খাত সংস্কার কর্মসূচি :

২০১০-২০১১ অর্থবছরে বাংলাদেশ ব্যাংক ব্যাংকিং খাতে বিবিধ নিয়ন্ত্রণমূলক ও তত্ত্বাবধানমূলক ব্যবস্থা গ্রহণ করে। এগুলোর উদ্দেশ্য হলো ব্যাংকিং কার্যক্রম তত্ত্বাবধানের ক্ষেত্রে আরো উৎকর্ষ সাধন, স্বচ্ছতা বৃদ্ধি এবং গ্রাহকদেরকে ব্যাংকিং সেবা সম্পর্কে খোলামেলা ধারণা প্রদান। ফলস্বরূপ আর্থিক ব্যবস্থাপনায় সামগ্রিক দক্ষতা অর্জন ও স্থিতিশীলতা প্রতিষ্ঠিত হয়। বিনিয়োজিত সম্পদের গুণগত মান নির্ণয়ের সমস্যা নিরূপনকল্পে মোট বিনিয়োগের বিপরীতে উৎপাদনশীল ঋণের মোট ও নীট শতকরা হার নির্ধারণের পদ্ধতি উদ্ভাবন করা হয়। তফসিলী ব্যাংকসমূহের সঠিক ক্যামেলস্ রেটিং নির্ণয়ের জন্য তথ্যশীটের পুনঃমূল্যায়ন করতঃ তথ্যের গভীরতা নিশ্চিত করতে প্রয়োজনীয় অতিরিক্ত তথ্য অন্তর্ভুক্তকরণের পদক্ষেপ গৃহীত হয়। সমস্যাসংকুল ব্যাংক হিসাবে চিহ্নিত ব্যাংকসমূহকে সন্তোষজনক অবস্থানে ফিরিয়ে আনতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নিবিড় পর্যবেক্ষণ জোরদার করা হয়। এছাড়াও পরিচালন কার্যক্রমের বিভিন্ন স্তরে যে সকল ব্যাংক সমস্যার সম্মুখীন হচ্ছে সেগুলোকে পূর্বসতর্কীকরণ পদ্ধতির আওতায় এনে তাদের কার্যক্রম উন্নয়নে নিবিড় পর্যবেক্ষণ বজায় রাখা হয়। BASEL-II ACCORD বাস্তবায়নের লক্ষ্যে কেন্দ্রীয় ব্যাংক ২০০৮ সালের জুন মাসের মধ্যে ব্যাংকসমূহকে মূলধন ঘাটতির অন্তত শতকরা পঞ্চাশ ভাগপূরণ করে ২০০৯ এর জুন মাসের মধ্যে বাকী অংশ পূরণের নির্দেশ দান করে এবং জানুয়ারি, ২০১০ থেকে তা সকল ব্যাংকের জন্য বাধ্যতামূলক করা হয়।

১.৮। বাংলাদেশ কৃষি ব্যাংক :

রাষ্ট্রপতির ১৯৭৩ সালের ২৭ নং অধ্যাদেশ বলে বাংলাদেশ কৃষি ব্যাংক প্রতিষ্ঠিত হয়। বাংলাদেশ কৃষি ব্যাংক একটি সরকারি বিশেষায়িত ব্যাংক, যা কৃষির বিভিন্ন খাত যথা : শস্য উৎপাদন, মৎস্যচাষ, প্রাণী সম্পদ উন্নয়ন, সেচ ও খামার যন্ত্রপাতি ক্রয়, কৃষিভিত্তিক শিল্প স্থাপন ইত্যাদি খাতে ঋণ প্রদান করে থাকে। কৃষি পণ্য প্রক্রিয়াকরণ কারখানায় চলতি মূলধন ঋণ প্রদানসহ কৃষিপণ্যের বাণিজ্যখাতে নগদ ঋণও সরবরাহ করে থাকে। তাছাড়া বাংলাদেশ কৃষি ব্যাংক আর্থ-সামাজিক উন্নয়নে এবং দারিদ্র্য বিমোচনে মাইক্রো ক্রেডিট প্রদানসহ সকল ধরনের সামাজিক উন্নয়ন কর্মকাণ্ডে সম্পৃক্ত। ক্ষুদ্র ও প্রান্তিক এবং বর্গা চাষিদের ঋণ প্রদানের ক্ষেত্রে ব্যাংক বিশেষ অগ্রাধিকার প্রদান করে থাকে। এছাড়া ঋণ প্রদানের ক্ষেত্রে ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদেরকে (SME) অত্যধিক গুরুত্ব আরোপ করে থাকে। কৃষি ব্যাংকের উপর খরা, বন্যা, ঘূর্ণিঝড়ের মত প্রাকৃতিক দুর্যোগ পরবর্তী কৃষি পুনর্বাসনের সর্বাধিক গুরুত্বপূর্ণ দায়িত্ব বর্তায়। কৃষি ক্ষেত্রে ঋণ বিতরণ ছাড়াও বাণিজ্যিক ব্যাংকিং সেবা প্রদানসহ সকল ধরনের বৈদেশিক ব্যবসা কার্যক্রম কৃষি ব্যাংক পরিচালনা করে থাকে। ৩০ জুন, ২০১১ তারিখ ভিত্তিক ব্যাংকের শাখার সংখ্যা ৯৭২ টি, যার অধিকাংশই গ্রামীণ এলাকায় অবস্থিত। বৈশিষ্ট্যের দিক থেকে এ ব্যাংক অন্যান্য ব্যাংক থেকে কিছুটা আলাদা। জাতীয় উন্নয়নে এ ব্যাংকের ভূমিকা ও অবদান সর্বাধিক। প্রতিষ্ঠালগ্ন থেকেই মুনাফা অর্জনের পাশাপাশি সামাজিক উন্নয়নে অবদান রাখার ব্যাপারেও ব্যাংক দায়িত্বশীল ভূমিকা পালন করে আসছে। বাংলাদেশ কৃষি ব্যাংক গরিব কৃষকদের ঋণের অর্থ ফেরত দানের সক্ষমতা বিশেষভাবে বিবেচনা করে ঋণের সুদের হার নির্ধারণ করে থাকে। কেননা, এ ব্যাংকের ঋণের শতকরা ৭৫ ভাগ কৃষি খাতে বিনিয়োগ করা হয়েছে থাকে। বর্তমানে, কৃষি ব্যাংকের কৃষি খাতে ঋণের সুদহার সর্বনিম্ন পর্যায়ে নির্ধারিত। তদুপরি, এ ব্যাংককে অনেক সময়েই ঋণ আদায় স্থগিত রাখতে হয় এবং ঋণের সুদ কখনো আংশিক, কখনো সম্পূর্ণ মওকুফ করতে হয়, বিশেষ করে দেশ যখন বন্যা বা অন্য কোন প্রাকৃতিক দুর্যোগে বিপর্যস্ত হয়। কৃষি ঋণের ক্ষেত্রে অধিকতর ঝুঁকি এবং আদায়ের অনিশ্চয়তা সত্ত্বেও প্রতিবৎসর বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত কৃষি ঋণ বিতরণের মোট লক্ষ্যমাত্রার সিংহ ভাগই এই ব্যাংক এককভাবে বিতরণ করে থাকে। সুতরাং কৃষি ও পল্লী ঋণ বিতরণের মাধ্যমে গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালীকরণে কৃষি ব্যাংকের ভূমিকা অনন্য।

২.০ বাংলাদেশের অর্থনীতি ও বাংলাদেশ কৃষি ব্যাংক :

কৃষি নির্ভর বাংলাদেশের অর্থনীতিতে কৃষিই সবচেয়ে সম্ভাবনাময় খাত। এ দেশের অবকাঠামো কৃষি কার্যক্রমকে কেন্দ্র করেই গড়ে উঠেছে। দেশের শতকরা ৬০ ভাগের বেশি শ্রম শক্তি কৃষি কাজে নিয়োজিত রয়েছে। বাংলাদেশে কৃষিকে লাভজনক খাত হিসাবে প্রতিষ্ঠা করতে পারলে গ্রামীণ দারিদ্র্য লাঘব ও দেশের সংখ্যা গরিষ্ঠ সাধারণ মানুষের জীবন ধারণের মানোন্নয়ন সম্ভব হবে। কৃষিজাত পণ্যের ব্যাপক রপ্তানির সম্ভাবনা থাকায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ঘোষিত রপ্তানি নীতিতে কৃষি খাতকে ব্যাপক সুবিধা প্রদান করা হয়। এথ্রো-প্রোডাক্ট, এথ্রো-প্রসেসিং, পণ্য ও চামড়াজাত পণ্যকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রাপ্ত খাতসমূহের অন্তর্ভুক্ত করা হয়। কৃষিজাত পণ্যের ব্যাপক রপ্তানির সম্ভাবনা কাজে লাগাতে পারলে আমাদের মতো ব্যাপক জনগোষ্ঠীর দেশে অধিকতর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা সম্ভব। এ কর্মসংস্থান দেশে সঞ্চয় ও বিনিয়োগের পথ প্রশস্ত করবে, পুঁজির প্রবাহ নিশ্চিত করবে, বেকার সমস্যা সমাধান ও দারিদ্র্য বিমোচনে সহায়ক হবে। কৃষি

উৎপাদন ব্যবস্থাকে আরও গতিশীল ও লাভজনক বাণিজ্যিক কৃষি হিসাবে পুনর্গঠিত ও বিকশিত করার লক্ষ্য নিয়ে জাতীয় কৃষি নীতি প্রণীত হয়। জাতীয় কৃষি নীতির প্রধান উদ্দেশ্যাবলী নিম্নরূপ :

- লাভজনক ও টেকসই কৃষি উৎপাদন ব্যবস্থা নিশ্চিত করা এবং কৃষকের প্রকৃত আয় বৃদ্ধির মাধ্যমে ক্রয় ক্ষমতা বৃদ্ধি ;
- ভূমির উৎপাদনশীলতা সংরক্ষণ ও উন্নয়ন সাধন ;
- শস্য বহুমুখীকরণের মাধ্যমে যে কোন একক ফসলের উপর অতিশয় নির্ভরশীলতা কমিয়ে এনে ঝুঁকি হ্রাসকরণ ;
- খাদ্য নিরাপত্তা বিধান ও পুষ্টি উন্নয়নের লক্ষ্যে অধিক পুষ্টি মানসম্পন্ন খাদ্য সামগ্রী উৎপাদন ও সরবরাহ ;
- জৈব প্রযুক্তির (Bio-technology) প্রবর্তন, ব্যবহার ও সম্প্রসারণ কার্যক্রম গ্রহণ ;
- কৃষি পণ্যের ন্যায্য মূল্য নিশ্চিত করার লক্ষ্যে কৃষি বিপণন ব্যবস্থায় উন্নয়ন সাধন ;
- সময় মত কৃষি ঋণ নিশ্চিত করার লক্ষ্যে ঋণ দানের জন্যে কার্যকর প্রাতিষ্ঠানিক ব্যবস্থা প্রবর্তন ;
- শিল্প খাতের জন্য সহায়ক ফসল ও অন্যান্য কৃষি পণ্য উৎপাদন ও সরবরাহ ;
- কৃষি পণ্যের আমদানি হ্রাস এবং রপ্তানি বৃদ্ধির নতুন নতুন সুযোগ সৃষ্টি ;
- কৃষি পণ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষিনির্ভর নতুন শিল্প স্থাপনের সুযোগ সৃষ্টি ;
- প্রান্তিক, ক্ষুদ্র ও বর্গাচারীদের স্বার্থ সংরক্ষণ ;
- বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO) এর কৃষি চুক্তি, SAFTA ও অন্যান্য আন্তর্জাতিক চুক্তির আলোকে জাতীয় স্বার্থ অক্ষুণ্ন রেখে কৃষি ব্যবস্থাকে যুগোপযোগী করে তোলা ।

বাংলাদেশ কৃষি ব্যাংক কৃষির মত একটি অনিশ্চিত এবং ঝুঁকিপূর্ণ খাতে অর্থায়নের জন্য দেশের বৃহত্তম বিশেষায়িত ব্যাংক। এ ব্যাংকের মূল লক্ষ্য হচ্ছে কৃষি ও কৃষিভিত্তিক কর্মকাণ্ডের উন্নয়ন ও সম্প্রসারণের মাধ্যমে কৃষি পণ্যের বহুমুখীকরণ, বাণিজ্যিকীকরণ ও গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী কৃষিভিত্তিক শিল্প ও কুটির শিল্প উদ্যোক্তাগণকে প্রয়োজনীয় ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে প্রকৃত অর্থনৈতিক উন্নয়ন নিশ্চিত করা। কৃষি পণ্যে অধিক মূল্য সংযোজন ও তার বিপণন ব্যবস্থা উন্নত করার জন্য বিকেবি নতুন নতুন সম্ভাবনাময় প্রকল্প চিহ্নিত করে তাতে অর্থায়নে এগিয়ে এসেছে। যে সমস্ত কৃষিজাত পণ্যের রপ্তানি সম্ভাবনা রয়েছে সে সব ক্ষেত্রে কৃষি ব্যাংক উদ্যোক্তা চিহ্নিতকরণ ও তাদের প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদান করেছে। বাংলাদেশের কৃষিতে শস্যই হচ্ছে সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ খাত। একক ভাবে শস্য খাতে নিয়োজিত রয়েছে দেশের মোট শ্রমশক্তির শতকরা প্রায় ৫৭ ভাগ। দেশের ক্রমবর্ধমান খাদ্য চাহিদার দিকে লক্ষ্য রেখে বিকেবি তার বার্ষিক মোট ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতকরা প্রায় ৭৫ ভাগ কৃষি খাতের জন্য বরাদ্দ রাখে। বাংলাদেশ কৃষি ব্যাংক মোট বিতরণকৃত শস্য ঋণের গড়ে শতকরা প্রায় ৫০ থেকে ৫৫ ভাগ এককভাবে বিতরণ করে। দেশের সাধারণ মানুষের পুষ্টি চাহিদা পূরণ, বেকার জনগোষ্ঠীর কর্মসংস্থান, ব্যাপক বৈদেশিক মুদ্রা অর্জনের সম্ভাবনা থাকায় বাংলাদেশ কৃষি ব্যাংক পতিত পুকুর ও জলাশয়গুলোতে মৎস্য চাষ, উপকূলীয় এলাকায় চিংড়ি চাষসহ মৎস্য খাতের উন্নয়নে ব্যাপক অর্থায়ন করে থাকে। দেশের বিপুল জনগোষ্ঠীর প্রোটিনের চাহিদা পূরণ, দুগ্ধ ও দুগ্ধজাত সামগ্রীর আমদানি নির্ভরতা কমানো ও প্রাণীজাত দ্রব্য (যেমন-চামড়া ও চামড়াজাত দ্রব্য) রপ্তানি করে বৈদেশিক মুদ্রা অর্জনের লক্ষ্যে বিকেবি প্রাণীসম্পদ উন্নয়নেও ব্যাপক অর্থায়ন করে থাকে। কৃষির আধুনিকায়ন ও উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে সেচ ও খামার যন্ত্রপাতি ক্রয়, অধিক উৎপাদনশীল বীজ উৎপাদন এবং আমদানিতে অর্থায়নসহ কৃষির আধুনিকায়নে বিকেবি সবিশেষ গুরুত্ব দেয়। অতিবৃষ্টি, বন্যা, খরা, জলোচ্ছ্বাস, ঘূর্ণিঝড় ও নদী ভাঙনের মত প্রাকৃতিক দুর্যোগে ফসল হানি, মৎস্য ও প্রাণী সম্পদের ক্ষয়ক্ষতি, বাড়িঘর ও জমি জমা হারিয়ে নিঃশ্ব হয়ে যাওয়া বাংলাদেশের কৃষিনির্ভর অর্থনীতির চিরপরিচিত এবং নৈমিত্তিক ব্যাপার। প্রতিটি প্রাকৃতিক দুর্যোগের পরে সরকারি সহায়তার পাশাপাশি ক্ষতিগ্রস্ত কৃষকদেরকে তথা গ্রামীণ অর্থনীতিতে আর্থিক সহায়তা প্রদানের মাধ্যমে পুনর্বাসিত করার গুরুদায়িত্ব নিতে হয় বিকেবি'কে। বিকেবি তার জ্ঞানলগ্ন থেকে বেশ সফলতার সাথে এ দায়িত্ব পালন করে আসছে।

৩.০ আমানত :

ব্যাংকের তহবিলের প্রধান উৎস হচ্ছে আমানত। ব্যাংকের নিজস্ব তহবিল ভিত্তিকে শক্তিশালীকরণের লক্ষ্যে আমানত সংগ্রহের উপর বিশেষ গুরুত্ব আরোপ করায় উচ্চ সুদবাহী বিপুল আমানত ছেড়ে দেয়ার পরও আলোচ্য অর্থবছরে ব্যাংকের আমানতের স্থিতি পূর্ববর্তী বছরের তুলনায় ১৭৪৪.৮৭ কোটি টাকা বৃদ্ধি পায়। নিম্নে ধরন অনুযায়ী বিকেবি'র আমানত প্রদর্শিত হলো :

(কোটি টাকা)

আমানতের ধরন	৩০-০৬-২০১০ তারিখের স্থিতি	৩০-০৬-২০১১ তারিখের স্থিতি	বৃদ্ধি(+)
মেয়াদি	৫৫৩৫.৩৪(৫০%)	৬২৬৭.৬৮(৪৯%)	৭৩২.৩৪
সঞ্চয়ী	৩১১২.৩২(২৮%)	৩৫২৩.৭৯(২৭%)	৪১১.৪৭
চলতি	৬৮৯.৮৫(০৬%)	৭৭৯.১১(৬%)	৮৯.২৬
অন্যান্য	১৭৪৯.৯০(১৬%)	২২৬১.৭০(১৮%)	৫১১.৮০
মোট :	১১০৮৭.৪১	১২৮৩২.২৮	১৭৪৪.৮৭

আমানত বৃদ্ধির সাথে সাথে আমানত ব্যয় যেন বৃদ্ধি না পায় সে জন্য সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনার মাধ্যমে আর্থিক ব্যয় হ্রাস করার লক্ষ্যে উচ্চ সুদবাহী আমানত ছেড়ে দিয়ে কম সুদবাহী/সুদবিহীন আমানত গ্রহণের উপর বিশেষ গুরুত্বারোপ করা হয়। এ সময় ব্যাংকের মোট আমানতকারীর সংখ্যা দাঁড়ায় ৫৫,৮৯,৬২৭ জন।

৪.০ ঋণ বিতরণ :

বাংলাদেশ কৃষি ব্যাংক ২০০৭-২০০৮ অর্থ বছরে ঋণ বিতরণের ক্ষেত্রে পাঁচ বছর মেয়াদী পরিকল্পনার আলোকে ঋণ বিতরণ নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন করে যাচ্ছে। উক্ত নীতিমালার উল্লেখযোগ্য বৈশিষ্ট্যসমূহ নিম্নরূপ :

- ◇ খাদ্যে স্বয়ং সম্পূর্ণতা অর্জন ;
- ◇ কৃষির গতানুগতিক পদ্ধতি পরিহার করে আধুনিক বৈজ্ঞানিক পদ্ধতি প্রচলন ;
- ◇ ফসল উৎপাদনে বর্তমান কাঠামো (Cropping Pattern) পরিবর্তন করে উৎপাদনের নিবিড়তা বৃদ্ধিকরণ ;
- ◇ খাদ্য/কৃষি পণ্য রপ্তানীকরণ;
- ◇ কৃষির প্রতিটি খাতের সুযম উন্নয়ন ও বিকাশ নিশ্চিতকরণের লক্ষ্যে ব্যাংক ঋণ বিতরণ কর্মসূচি শুধুমাত্র কয়েকটি খাতে সীমিত না রেখে কৃষি ও এর আন্তঃসম্পর্কিত সকল খাত/উপ-খাতসমূহে ঋণ প্রাপ্তি নিশ্চিতকরণ;
- ◇ কৃষি বহুমুখীকরণ, আধুনিকায়ন, বাণিজ্যিকীকরণ ও গ্রামীণ জনগোষ্ঠীর জীবন যাত্রার মানোন্নয়নের লক্ষ্যে সম্ভাবনা ও শ্রম নিবিড়তার বিবেচনায় ঋণ বিতরণের ক্ষেত্রে আটটি খাতকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে। খাত আটটি হলোঃ শস্য, মৎস্য, প্রাণী সম্পদ, সেচ ও কৃষি যন্ত্রপাতি, কৃষিভিত্তিক শিল্প, চলতি মূলধন, এসএমই এবং দারিদ্র বিমোচন কর্মসূচী;
- ◇ কৃষি পণ্যের অধিক মূল্য সংযোজন ও তার বিপণন ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে নতুন নতুন সম্ভাবনাময় প্রকল্প চিহ্নিতকরণ ও সংশ্লিষ্ট প্রকল্পে প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদান;
- ◇ কৃষিজাত পণ্যের এলাকা ভিত্তিক (Area Approach) সম্ভাবনা চিহ্নিত করে সে সব এলাকায় উদ্যোক্তাদেরকে তাদের প্রয়োজন মারফিক ঋণ সুবিধা প্রদান। (যেমনঃ যশোর, সাতক্ষীরা, চট্টগ্রামের রাঙ্গুনিয়া, পটিয়া, হাটহাজারী ইত্যাদি অঞ্চলে ফুল চাষ ও বিপণনে অর্থায়ন) ;
- ◇ আবর্তনশীল শস্য ঋণ কর্মসূচীর (আরসিসি) প্রবর্তন;
- ◇ যে সমস্ত বেসরকারি সংস্থা/প্রতিষ্ঠান কৃষি পণ্যের বহুমুখীকরণ, বিপণন তথা কৃষির আধুনিকায়নে এগিয়ে আসছে সে সমস্ত প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় অর্থায়ন করা;
- ◇ সার্বিকভাবে কৃষি খাতের ক্রমবর্ধমান ঋণ চাহিদা পূরণের লক্ষ্যে প্রতি বছর বিশেষত মৎস্য, প্রাণী সম্পদ ও কৃষিভিত্তিক শিল্প খাতে ঋণ বিতরণ উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি করা।

উপরোক্ত নীতিমালা অনুসরণ করে ২০০৯-২০১০ ও ২০১০-২০১১ অর্থ বছরে ঋণ বিতরণের তুলনামূলক অবস্থা নিম্নরূপঃ
(কোটি টাকায়)

ক্রঃ নং	ঋণ বিতরণের খাত	ঋণ বিতরণ	
		২০০৯-২০১০	২০১০-২০১১
১।	শস্য	১৭৮৭.৫২	২০৭২.৫৮
২।	মৎস্য	৩২৯.৪১	৩৭০.৮৫
৩।	প্রাণী সম্পদ	২৬০.৯৭	৩০৭.৭২
৪।	কৃষি ও সেচ যন্ত্রপাতি	৩৫.৬৪	৩৭.৭৩
৫।	কৃষি ভিত্তিক শিল্প	২৫২.৫৩	৩৩১.৮৫
৬।	চলতি মূলধন	১৬২৩.০৯	১৯৫৭.২৯
৭।	দারিদ্র বিমোচন কর্মসূচী	৪৮.৭৬	৫২.২৬
৮।	এসএমই	১৮৪.২৯	৩৩৫.৬৬
৯।	অন্যান্য	২৯৭.৪৯	৪৩৫.০৫
মোটঃ		৪৮১৯.৭০	৫৯০০.৯৯

২০১০-২০১১ অর্থবছরে ঋণ বিতরণের ক্ষেত্রে নিম্নোক্ত গুণগত পরিবর্তন লক্ষ্য করা যায় :

- ⇒ প্রাণী ও মৎস্য সম্পদসহ অন্যান্য সকল খাতে বিগত বছরের তুলনায় ঋণ বিতরণে প্রবৃদ্ধি অর্জিত হয়েছে;
- ⇒ কৃষির বিভিন্ন খাতে ঋণ বিতরণ করায় শাখার কমান্ড এরিয়ার অর্থনৈতিক উন্নয়ন ও আয় বর্ধনে অবদান রেখেছে;
- ⇒ গুণগত মান সম্পন্ন ঋণের পরিমাণ পূর্ববর্তী বছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে।
- ⇒ খাত ভিত্তিক ঋণ বিতরণ ঋণের শ্রেণীকরণ আশঙ্কা হ্রাস করে আয় বৃদ্ধির সম্ভাবনা সৃষ্টি করেছে।

২০১০-২০১১ অর্থ বছরে ব্যাংক ৫২০০.০০ কোটি টাকার ঋণ বিতরণের লক্ষ্যমাত্রার বিপরীতে ৫৯০০.৯৯ কোটি টাকা ঋণ বিতরণ করেছে যা পূর্ববর্তী অর্থ বছরের তুলনায় শতকরা ২২.৪৩ ভাগ বেশি। ২০১০-২০১১ অর্থ বছরে ব্যাংকের মোট ঋণের স্থিতি দাঁড়ায় ১৩২১৯.১০ কোটি টাকায়। ৩০ জুন ২০১১ তারিখে ব্যাংকের ঋণ গ্রহীতার সংখ্যা দাঁড়ায় ৩৪,০৩,৭৮৬ জনে। ২০১০-২০১১ অর্থ বছরে দেশের মোট বিতরণকৃত ১২১৮৪.৩২ কোটি টাকা কৃষি ঋণের মধ্যে কৃষি ব্যাংক এককভাবে শতকরা প্রায় ৪৮.৪৩ ভাগ বিতরণ করে।

৪.০১ শস্য ঋণ :

বাংলাদেশের কৃষিতে শস্যই হচ্ছে সর্ববৃহৎ গুরুত্বপূর্ণ খাত। এককভাবে শস্যখাতে নিয়োজিত রয়েছে দেশের মোট শ্রমশক্তির প্রায় ৫৭ ভাগ, জিডিপিতে কৃষি খাতের একক অবদান শতকরা ১৯.৯ ভাগ। জাতীয় অর্থনীতিতে শস্য খাতের গুরুত্বপূর্ণ অবদান এবং এ খাতের শ্রম নিবিড়তার দিকে লক্ষ্য রেখে বাংলাদেশ কৃষি ব্যাংক তার ঋণ বিতরণ কর্মসূচিতে শস্য খাতকে প্রাধান্য দিয়ে থাকে। এ সময়ে অনুকূল আবহাওয়া, অধিক পরিমাণ কৃষি ঋণ বিতরণ এবং সরকার কর্তৃক সময়মত কৃষি উপকরণ সরবরাহ নিশ্চিত করার ফলে উক্ত অর্থ বছরে সর্বোচ্চ পরিমাণ খাদ্য-শস্য উৎপাদন হয়।

শস্য ঋণের উল্লেখযোগ্য উপ-খাতসমূহ

খাদ্যশস্য ও অর্থকরী ফসল : সকল ধরনের দানাদার খাদ্যশস্য, অর্থকরী ফসলসমূহ (যেমনঃ কলা, আঁখ, পান, কাঁঠাল, পেয়ারা, সুপারি, আনারস, তরমুজ ইত্যাদি), শীতকালীন ও গ্রীষ্মকালীন শাকসজি চাষ।

হটিকালচার : বাংলাদেশ কৃষি ব্যাংক হটিকালচারভিত্তিক কৃষি কর্মকাণ্ডের প্রসার ও বহুমুখীকরণে বিশেষ গুরুত্ব দিয়ে থাকে। এ ক্ষেত্রে ব্যাংকের অর্থায়নকৃত খাতসমূহ :

- নার্সারি স্থাপন ও বাজারজাতকরণ;
- মাশরুম চাষ ও বাজারজাতকরণ;
- রপ্তানি বাজার সম্প্রসারণে লেটুস, ক্যাপসিকাম, ব্রকলি, ফ্রেঞ্চবীন ও অন্যান্য সজি উৎপাদন ;
- আদা, রসুন, পেঁয়াজ, হলুদ, মরিচসহ বিভিন্ন ধরনের মসলা চাষ;
- বাঁশ উৎপাদন ;
- পাটি পাতা (মুতা) উৎপাদন ;
- পান ও সুপারি বাগান;
- পেয়ারা বাগান, স্ট্রবেরী, আপেল কুল ও বাউকুল চাষ ইত্যাদি।

ফলজ, বনজ, ভেষজ নার্সারি ও বাগানের জন্য ঋণ প্রদান :

দেশের সাধারণ মানুষের পুষ্টি চাহিদা পূরণ, পরিবেশ উন্নয়নে বনায়ন ও যুগ যুগ ধরে চলে আসা ঐতিহ্যবাহী ইউনানী ও আয়ুর্বেদ চিকিৎসা ব্যবস্থায় প্রয়োজনীয় ভেষজ গাছের সরবরাহ নিশ্চিত করা এবং সরকার ঘোষিত “জাতীয় বৃক্ষ রোপণ কর্মসূচি” সফল করার লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংক ফলজ, বনজ, ভেষজ নার্সারি ও বাগান করার জন্য সহজ শর্তে প্রয়োজনীয় ঋণ প্রদান করে থাকে। এ ঋণ প্রদানের মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংক গ্রামের বেকার জনগোষ্ঠীর কর্মসংস্থান নিশ্চিত করার সাথে সাথে পতিত জমিরও সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে কাজ করে। ভেষজ ঔষধ ও ঔষধি উদ্ভিদের ব্যাপক রপ্তানি সম্ভাবনা থাকায় রপ্তানি নীতিতে এ খাতটিকে বিশেষ উন্নয়নমূলক খাত হিসাবে চিহ্নিত করা হয়েছে।

চা উৎপাদন :

চা বাংলাদেশের অন্যতম পরিবেশবান্ধব রপ্তানিযোগ্য কৃষিভিত্তিক শিল্প। বিকেবি চা খাতে অর্থায়নকারী একক অর্থলগ্নীকারী ব্যাংক। দেশের সর্বমোট ১৫৯ টি চা বাগানের মধ্যে বিকেবি ১৩৫টি চা বাগানে অর্থায়ন করে আসছে। এ শ্রমনিবিড় শিল্পের উপর বর্তমানে পোষ্যসহ প্রায় পাঁচ লক্ষ জনগোষ্ঠী প্রত্যক্ষ ও পরোক্ষভাবে নির্ভরশীল। বিকেবি চা শিল্পের উন্নয়নে উৎপাদন ঋণের পাশাপাশি চা বাগান উন্নয়ন ও কারখানার সমন্বয়করণ, আধুনিকীকরণ, পুনঃস্থাপন, সম্প্রসারণের (বিএমআরই) জন্য দীর্ঘমেয়াদী উন্নয়ন ঋণ প্রদান করে থাকে। প্রতিবেদনাধীন বছরে বিকেবি চা শিল্পে ২৩৮.৫৪ কোটি টাকা ঋণ বিতরণ করে, তন্মধ্যে চা উৎপাদন ঋণ ২২৭.৭৯ কোটি টাকা এবং চা উন্নয়ন ঋণ ১০.৭৫ কোটি টাকা।

দেশে বর্তমানে চা এর চাহিদা আগের তুলনায় অনেক বেশি। পূর্বে বাংলাদেশে উৎপাদিত চায়ের ৯০% রপ্তানী করা হতো এবং ১০% স্থানীয়ভাবে ব্যবহৃত হতো। অধিক জনসংখ্যা বৃদ্ধি এবং চা পানে অভ্যস্ততা বৃদ্ধির কারণে বর্তমানে উৎপাদিত চা এর ৯০ ভাগই স্থানীয়ভাবে ব্যবহৃত হচ্ছে এবং ১০ ভাগ রপ্তানী করা সম্ভব হচ্ছে। রপ্তানী বৃদ্ধির লক্ষ্যে বিদ্যমান চা বাগানের অব্যবহৃত ভূমিকে চাষের আওতায় আনা এবং উৎপাদন কার্যক্রমে প্রযুক্তিগত উৎকর্ষতা আনয়ন করে আরো অধিক পরিমাণ চা উৎপাদন করা অত্যাবশ্যক হয়ে দাঁড়িয়েছে।

পার্বত্য চট্টগ্রামে চা ঋণ বিতরণ :

দেশে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে রাঙ্গামাটি, খাগড়াছড়িসহ পার্বত্য চট্টগ্রামের জেলাসমূহে ক্ষুদ্রায়তন চা চাষ সম্প্রসারণের জন্য 'Small Holding Tea Cultivation in Chittagong Hill-Tracts' নামে একটি প্রকল্প সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় প্রাথমিকভাবে তিনটি পার্বত্য জেলার তিনশত হেক্টর জমিতে চা আবাদ করা হচ্ছে। উক্ত ক্ষুদ্রায়তন চা চাষ কর্মসূচির আওতায় যথেষ্ট সংখ্যক উপজাতীয় কৃষিজীবী অংশগ্রহণ করছেন।

৪.০২ সম্ভাবনাময় নতুন কৃষি খাতসমূহ :

ডাল, তৈলবীজ ও মসলা জাতীয় শস্য উৎপাদন - বাংলাদেশ কৃষি ব্যাংকের সামাজিক দায়-বদ্ধতামূলক কার্যক্রম :

Corporate Social Responsibility (CSR) এর অংশ হিসাবে বাংলাদেশ কৃষি ব্যাংক সরিষা, তিল, চীনা বাদাম, সূর্যমুখী, সয়াবিন ইত্যাদি তৈলবীজ এবং পেঁয়াজ, রসুন, আদা, মরিচ, হলুদ, জিরা ইত্যাদি মসলা, শাকসজি যেমন-টমেটো, লাউ, ফুলকপি, বাঁধাকপি, গাজর, বেগুন, লালশাক, পালংশাক ইত্যাদি এবং বিভিন্ন প্রকার ডাল উৎপাদনে ব্যাপক অর্থায়ন করে। ব্যাংক তৈলবীজ উৎপাদনে এ অর্থবছরে ৩.০৬ কোটি টাকা, মসলা জাতীয় শস্য উৎপাদনে ১৪.৪৯ কোটি টাকা, রবি মওসুমের সবজি উৎপাদনে ১.৯৭ কোটি টাকা এবং ডাল জাতীয় ফসলে ০.৬৩ কোটি টাকা বিতরণ করে। এছাড়া ব্যাংক বিভিন্ন ধরনের ফলমূল যেমন-কলা, পেঁপে, তরমুজ, বাংগি, আনারস, পেয়ারা ও অন্যান্য খাতে এ সময়ে ২৪০.৭৩ কোটি টাকা ঋণ বিতরণ করেছে। এখানে উল্লেখ্য যে, ডাল জাতীয়, তৈলবীজ ও মসলা ফসল চাষাবাদে সরকারের ভর্তুকীর আওতায় ব্যাংক মাত্র শতকরা ২ ভাগ সুদে ঋণ বিতরণ করে আসছে। এতদব্যতীত ব্যাংক আত্মকর্মসংস্থান সৃষ্টি, মহিলা উদ্যোক্তা উন্নয়ন, লিঙ্গ বৈষম্য দূরীকরণ, পরিবেশ উন্নয়ন, অক্ষম ব্যক্তিদের কল্যাণ, সামাজিক সচেতনতা বৃদ্ধি, পল্লী অঞ্চলের শিল্পকর্মীর সহায়তা উদ্যোগ, বনজ ঔষধ ও বৃক্ষ চারা উৎপাদন, উপজাতীয়দের উন্নয়ন, বস্তীবাসী উন্নয়ন সহায়ক নানা কর্মসূচি গ্রহণ করেছে। ব্যাংক বিকেবি-এনজিও লিংকেজ হোলসেল মাইক্রো-ক্রেডিট প্রোগ্রাম নামে একটি কর্মসূচি চালু করেছে যার আওতায় দু'টি এনজিও সহজ শর্তে ২৫.০০ কোটি টাকা ঋণ সুবিধা ভোগ করেছে।

ভুট্টা চাষ :

চাহিদার তুলনায় দেশে ভুট্টা উৎপাদনে ব্যাপক ঘাটতি রয়েছে। দেশের ক্রমবর্ধমান পোষ্টি শিল্প ও মানব খাদ্য হিসাবে জনপ্রিয়তার কারণে ভুট্টার চাহিদা ও স্থানীয় সরবরাহের মধ্যে পার্থক্য দিন দিন বৃদ্ধি পাচ্ছে। দেশে ভুট্টা চাষযোগ্য জমির সহজ প্রাপ্যতা এবং ভুট্টার উৎপাদন খরচ তুলনামূলকভাবে কম থাকায় বাংলাদেশে ভুট্টা চাষের সম্ভাবনা খুবই উজ্জ্বল। এ সম্ভাবনার দিকে লক্ষ্য রেখে এবং আমদানি নির্ভরতা কমানোর লক্ষ্যে বিকেবি ভুট্টা চাষে ও অর্থায়নে ব্যাপক উৎসাহ প্রদান করে থাকে। বিকেবি ২০১০-২০১১ অর্থ বছরে ভুট্টা খাতে ০.২২ কোটি টাকা ঋণ বিতরণ করেছে। উন্নত পদ্ধতিতে ভুট্টা চাষে ঋণ প্রদান ও বাজারজাতকরণের নিশ্চয়তা প্রদানে বাংলাদেশ কৃষি ব্যাংক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং বেসরকারি প্রতিষ্ঠান এগ্রি বিজনেস কর্পোরেশনের মধ্যে একটি ত্রিপক্ষীয় সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

তুলা চাষ :

দেশের রপ্তানিমুখী গার্মেন্টস শিল্পে দেশীয় কাঁচামালের যোগান বৃদ্ধি, আমদানি নির্ভরতা হ্রাসের লক্ষ্যে তুলা চাষকে উৎসাহিতকরণ এবং এর বাণিজ্যিকীকরণ করার লক্ষ্য নিয়ে তুলা চাষে নিয়োজিত কৃষকদেরকে বাংলাদেশ কৃষি ব্যাংক প্রয়োজনীয় অর্থায়ন করে থাকে।

অর্কিড চাষ :

ব্যাপক রপ্তানির সম্ভাবনা থাকায় অর্কিড চাষে অর্থায়নের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক এগিয়ে এসেছে। ইতোমধ্যে ব্যাংক অর্থায়িত একটি প্রকল্প সীমিত আকারে অর্কিড রপ্তানি কার্যক্রম শুরু করেছে।

ফুল চাষ :

বর্তমানে ফুল চাষ একটি লাভজনক ব্যবসা। দেশীয়ভাবে এ খাতটির ক্রমবর্ধমান চাহিদার পাশাপাশি রপ্তানির সম্ভাবনাও বেশ উজ্জ্বল হয়ে দেখা দিয়েছে। ফুল চাষের সম্ভাবনা বিবেচনায় রেখে ফুল চাষের এলাকা হিসাবে সাভার, যশোর, সাতক্ষীরা, চট্টগ্রামের পটিয়া, রাঙ্গুনিয়া, হাটহাজারীসহ বিভিন্ন এলাকায় ফুল চাষ ও বিপণনে সহজ শর্তে ব্যাংক প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদান করেছে।

৪.০৩ মৎস্য :

বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন ও কর্মসংস্থানে মৎস্য একটি বিপুল সম্ভাবনাময় খাত। দেশের ব্যাপক জনগোষ্ঠীর আশ্রয়ের চাহিদা পূরণ, রপ্তানির মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জন, দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচন এবং আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে মৎস্য খাতের অবদান অপরিসীম। ২০১০-২০১১ অর্থ বছরে মৎস্য খাতে ব্যাংক ৩৭০.৮৫ কোটি টাকা ঋণ বিতরণ করেছে যা পূর্ববর্তী অর্থ বছরের তুলনায় শতকরা ১৩ ভাগ বেশি।

৪.০৪ প্রাণী সম্পদ :

কৃষি ভিত্তিক অর্থনীতিতে প্রাণী সম্পদ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। দেশের বিপুল জনগোষ্ঠীর আশ্রয়ের চাহিদা পূরণ ও বৈদেশিক মুদ্রা অর্জনে প্রাণীজাত দ্রব্যাদি যেমন-চামড়া, পশম, হাড় ইত্যাদির ভূমিকা উল্লেখযোগ্য। যান্ত্রিক চাষাবাদের জন্য ট্রাক্টর, পাওয়ার টিলার ক্রয় খাতে ঋণ বিতরণের পাশাপাশি দেশের বেশির ভাগ জমি চাষাবাদের জন্য হালের বলদ ক্রয় খাতে ব্যাংক বিপুল পরিমাণ ঋণ বিতরণ করে থাকে। শিশুখাদ্য ও অন্যান্য দুগ্ধজাত খাদ্য আমদানি ব্যয় সাশ্রয়, আমদানি নির্ভরতা কমাতে ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিকেবি দুগ্ধখামার প্রতিষ্ঠা, দুগ্ধবতী গাভী পালন এবং আশ্রয়ের চাহিদা পূরণকল্পে গরু মোটাজাকরণ, ছাগল পালন, হাঁস-মুরগি পালন ইত্যাদি খাতে ব্যাপক ঋণ বিতরণ করে থাকে। ২০১০-২০১১ অর্থ বছরে বিকেবি প্রাণী সম্পদ খাতে ঋণ বিতরণ করেছে ৩০৭.৭২ কোটি টাকা যা পূর্ববর্তী অর্থ বছরের তুলনায় শতকরা ১৮.০ ভাগ বেশি।

৪.০৫ কৃষি ও সেচ যন্ত্রপাতি :

কৃষির আধুনিকায়নের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধিতে কৃষি ব্যাংক এক অনন্য ভূমিকা পালন করে আসছে। এ লক্ষ্যে কৃষি ব্যাংক লো লিফট পাম্প, গভীর ও অগভীর নলকূপ, হস্তচালিত নলকূপ, ট্রাক্টর, পাওয়ার টিলার ইত্যাদি সব ধরনের কৃষি ও সেচ যন্ত্রপাতি ক্রয়ে সহজ শর্তে ঋণ সুবিধা প্রদান করে। প্রতিবেদনাব্যবহরে বিবেচ্য এ খাতে মোট ৩৭.৭৩ কোটি টাকা ঋণ প্রদান করেছে, যা পূর্ববর্তী অর্থ বছরের তুলনায় শতকরা ৬ ভাগ বেশি।

৪.০৬ কৃষিভিত্তিক শিল্প :

কৃষির বাণিজ্যিকীকরণ, রপ্তানি বহুমুখীকরণ এবং কৃষিজাত পণ্যে অধিক মূল্যসংযোজন করার লক্ষ্যে বাংলাদেশের মত উন্নয়নশীল দেশে কৃষিভিত্তিক শিল্পের গুরুত্ব অপরিহার্য। এ লক্ষ্যে হাঁস-মুরগীর খামার, দুগ্ধ খামার, খাদ্য ও ফল প্রক্রিয়াকরণ শিল্প, মৎস্য হিমায়িত করণ/প্রক্রিয়াজাতকরণ, ফিড মিল, প্যাকেজিং শিল্পসহ নতুন নতুন কৃষি ভিত্তিক শিল্প স্থাপন ও পরিচালনায় ব্যাংক ব্যাপক অর্থায়ন করে। ২০১০-২০১১ অর্থবছরে এ খাতে ব্যাংক ৩৩১.৮৫ কোটি টাকা ঋণ বিতরণ করেছে যা পূর্ববর্তী অর্থ বছরের তুলনায় শতকরা ৩১.৪১ ভাগ বেশি।

৪.০৭ দারিদ্র বিমোচন ও আর্থ-সামাজিক কর্মকাণ্ডে ঋণ প্রদান :

ক্ষুদ্র ঋণ কর্মসূচির মাধ্যমে দারিদ্র বিমোচন ও বিভিন্ন আর্থ-সামাজিক কর্মকাণ্ডে নিয়োজিত দরিদ্র ও নিম্ন জনগোষ্ঠীর উদ্যম ও কর্মসম্প্রদায়কে কাজে লাগানোর ক্ষেত্রে কৃষি ব্যাংক তার বিস্তৃত শাখা নেটওয়ার্কের মাধ্যমে দেশের প্রত্যন্ত এলাকায় কাজ করে যাচ্ছে। এ খাতে কৃষি ব্যাংক ২০১০-২০১১ অর্থবছরে ৫২.২৬ কোটি টাকা ঋণ বিতরণ করেছে। নিম্নবর্ণিত ৯ টি ক্ষুদ্র ঋণ কর্মসূচির মাধ্যমে ঋণ বিতরণ অব্যাহত রেখেছে:

- ❖ ভূমিহীন ও প্রান্তিক চাষীদের ঋণ প্রদান কর্মসূচি,
- ❖ স্বনির্ভর ঋণ দান কর্মসূচি,
- ❖ দক্ষিণ এশিয়া দারিদ্র্য বিমোচন কর্মসূচি,
- ❖ জাতিসংঘ মূলধন উন্নয়ন কর্মসূচি,
- ❖ মহিলাদের গাভীপালন ঋণ কর্মসূচি,
- ❖ প্রতিবন্ধীদের উন্নয়নে বিশেষ ক্ষুদ্র ঋণ কর্মসূচি,
- ❖ মাইক্রো এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ফর দি মনিপুরী,
- ❖ কক্সবাজার জেলায় বসবাসরত রাখাইন সম্প্রদায়ের জন্য বিশেষ ঋণ কর্মসূচি,
- ❖ বৃহত্তর সিলেট জেলায় বসবাসরত মনিপুরী সম্প্রদায়ের জন্য বিশেষ ঋণ কর্মসূচি।

৪.০৮ কৃষি খাতের উন্নয়নে নিয়োজিত বিভিন্ন প্রতিষ্ঠানকে প্রকল্পভিত্তিক অর্থায়ন :

কৃষি ও কৃষকের উন্নয়নে কৃষি পণ্যের বহুমুখীকরণ, মূল্য সংযোজন ও রপ্তানির লক্ষ্যে যে সমস্ত প্রতিষ্ঠান কাজ করে যাচ্ছে সে সমস্ত প্রতিষ্ঠানকে ব্যাংক আর্থিক সহায়তা প্রদান করেছে। ব্যাংক ইতোমধ্যে বেশ কয়েকটি বেসরকারি সংস্থা ও প্রতিষ্ঠানকে প্রকল্প ভিত্তিক অর্থায়ন সুবিধা প্রদান করেছে।

৪.০৯ আমদানি-রপ্তানি বাণিজ্যে অর্থায়ন :

কৃষি উৎপাদন, কৃষিজাত পণ্য প্রক্রিয়াকরণ, সংরক্ষণ ও বাজারজাতকরণসহ কৃষি ভিত্তিক বিভিন্ন খাতে অর্থায়নের পাশাপাশি অন্যান্য বাণিজ্যিক ব্যাংকের ন্যায় কৃষি ব্যাংক আমদানি-রপ্তানি বাণিজ্যে অর্থায়ন করে থাকে। রপ্তানিযোগ্য হিমায়িত মৎস্য প্রক্রিয়াকরণ, কৃষি পণ্য কাঁচামাল হিসাবে ব্যবহারের মাধ্যমে নতুন রপ্তানিমুখী পণ্য উৎপাদন, চা ও চামড়া শিল্প, তৈরী পোশাক শিল্প ইত্যাদি খাতে অর্থায়ন করে দেশের অর্থনৈতিক উন্নয়নে ব্যাংক লক্ষণীয় ভূমিকা পালন করে আসছে। তাছাড়া দেশের রপ্তানি কার্যক্রমকে সহায়তা প্রদানের লক্ষ্যে অত্র ব্যাংক রপ্তানি ডকুমেন্ট ক্রয়/নেগোসিয়েশন ও বিভিন্ন প্রকার প্রাক-রপ্তানি সুবিধা প্রদানের মাধ্যমে রপ্তানি বাণিজ্যে অর্থায়ন করে আসছে। পাশাপাশি শিল্পের কাঁচামাল সংগ্রহ, ব্যাংকের অর্থায়িত বিভিন্ন শিল্পের মেশিনারি সংগ্রহ, গার্মেন্টস শিল্পের মেশিনারি ও কাঁচামাল আমদানি (শিল্প), কৃষিজাত পণ্য, সার, বীজ, কীটনাশক ইত্যাদি আমদানির ক্ষেত্রে লেটার অব ক্রেডিট, এলটিআর সুবিধা প্রদানসহ সকল প্রকার আমদানি কার্যক্রমেও ব্যাংক অর্থায়ন করে আসছে।

৫.০ ঋণ আদায় :

ঋণ আদায়ের ক্ষেত্রে গুণগত পরিবর্তনের মাধ্যমে শ্রেণীকৃত ঋণের পরিমাণ হ্রাস এবং নতুন করে শ্রেণীকরণ রোধকল্পে ২০১০-২০১১ অর্থ বছরে বাংলাদেশ কৃষি ব্যাংক বেশ কিছু নতুন কৌশল অবলম্বন করে। এ ক্ষেত্রে উল্লেখযোগ্য কৌশলসমূহ :

- ❖ প্রতিটি শাখার শ্রেণীকৃত ঋণের পরিমাণ যথাসম্ভব কমিয়ে সহনীয় পর্যায়ে নিয়ে আসা। এ লক্ষ্যে প্রতি হিসাব বর্ষে প্রতিটি শাখার শ্রেণীকৃত ঋণের স্থিতি অব্যবহিত পূর্ববর্তী বছরের শ্রেণীকৃত ঋণের স্থিতির তুলনায় ন্যূনতম ৫% হ্রাসকরণ।

- ◇ যে সমস্ত ঋণ হিসাব আদায় না হলে অর্থ বছর শেষে নতুন করে শ্রেণীকৃত ঋণে পরিণত হবে, সে সমস্ত ঋণ হিসাবসমূহকে শ্রেণীযোগ্য ঋণ হিসাবে (Would-be-Classified) চিহ্নিত করে তা শতকরা ১০০ ভাগ আদায়ে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের মাধ্যমে শ্রেণীকৃত ঋণের পরিমাণ বৃদ্ধি রোধ করা। শ্রেণীযোগ্য ঋণ ধারণা প্রবর্তন ও আদায়ে অগ্রাধিকার প্রদানের ফলে ২০১০-২০১১ অর্থবছরে শ্রেণীকৃত ঋণের অস্বাভাবিক বৃদ্ধির হার রোধ করা সম্ভব হয়েছে।
- ◇ অর্থবছরের শুরুতেই অর্থাৎ জুলাই মাসের প্রথমেই শ্রেণীকৃত ও শ্রেণীযোগ্যসহ সকল ঋণ গ্রহীতাদের তালিকা প্রস্তুতকরণ ও এতদসংক্রান্ত সকল প্রস্তুতিমূলক কাজ সম্পন্ন করা।
- ◇ শ্রেণীকৃত ঋণ ও শ্রেণীযোগ্য ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অর্থবছরের প্রথম থেকেই নানা রকম কলাকৌশল গ্রহণ করা হয়। এ পদক্ষেপগুলোর মধ্যে রয়েছে-গুড হালখাতা, মধুমেলা, নবান্ন উৎসব, মহাকাব্য ইত্যাদি অনুষ্ঠানমালা। এছাড়া দুর্বল শাখাগুলোকে সহায়তা প্রদান করার জন্য প্রধান কার্যালয় থেকে শতাধিক কর্মকর্তাকে ঐ সকল শাখায় সাময়িক নিয়োগ দান, উর্ধ্বতন নির্বাহীদের নিয়ে টাস্কফোর্স গঠন করে মাঠ পর্যায়ে প্রেরণ, প্রধান কার্যালয় থেকে শক্তিশালী মনিটরিং ব্যবস্থা প্রবর্তন, নির্বাহীগণ কর্তৃক অঞ্চলসমূহের শাখা ব্যবস্থাপক ও মাঠকর্মীদের সাথে অনুপ্রেরণামূলক (Motivational) মতবিনিময়।

এ সমস্ত কৌশল অবলম্বনের ফলে ব্যাংক শ্রেণীকৃত ঋণের পরিমাণ হ্রাস করা সম্ভব না হলেও অশ্রেণীকৃত ঋণের পরিমাণ পূর্ববর্তী বছরের তুলনায় উল্লেখযোগ্য পরিমাণ বৃদ্ধি করতে সক্ষম হয়। যা নিম্নের ছকে দেখানো হলোঃ

(কোটি টাকায়)

ঋণের ধরন	৩০-০৬-২০১০	৩০-০৬-২০১১
অশ্রেণীকৃত	৮৫২৭.১৮	১০৯২০.৭০
শ্রেণীকৃত	২৮০৮.২৬	৩০২৮.৩৬

আলোচ্য অর্থবছরে ব্যাংক ৪১৫০.০০ কোটি টাকা ঋণ আদায় লক্ষ্যমাত্রার বিপরীতে ৩৪৪৪.২৭ কোটি টাকা আদায়ে সক্ষম হয়।

৬.০০ আইনানুগ ব্যবস্থা :

স্বাভাবিক ঋণ আদায় প্রক্রিয়া নিবিড়ভাবে অনুসরণ করার পরও যে সকল ঋণ গ্রহীতা ঋণ পরিশোধের ক্ষেত্রে বিকেবি'র সাথে কোনরূপ যোগাযোগ করে না বা ইচ্ছাকৃতভাবে ঋণ পরিশোধ করে না তাদের বিরুদ্ধে বিকেবি আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে থাকে। ২০১০-২০১১ অর্থবছরে দায়েরকৃত মোট অর্থ ঋণ মামলার সংখ্যা ৪৭ টি যার বিপরীতে টাকার পরিমাণ ১২৩.২৭ কোটি। একই অর্থবছরে মামলা নিষ্পত্তির সংখ্যা ২৬০ টি যার বিপরীতে টাকার পরিমাণ ৯৫.৬৮ কোটি এবং অনিষ্পন্ন মামলার সংখ্যা ১৩৭৪ টি যার বিপরীতে টাকার পরিমাণ ৫৬১.৯২ কোটি।

৭.০০ আন্তর্জাতিক ব্যাংকিং ও বৈদেশিক বিনিময় ব্যবসা :

১৯৮০ সাল হতে বাংলাদেশ কৃষি ব্যাংক বৈদেশিক বাণিজ্য ব্যবসা শুরু করে। অন্যান্য বাণিজ্যিক ব্যাংকের মতো এ ব্যাংক সব ধরনের বৈদেশিক বিনিময় ব্যবসা পরিচালনা করছে। দেশের গুরুত্বপূর্ণ বাণিজ্যিক স্থানসমূহে ১৬টি অনুমোদিত শাখার মাধ্যমে বিকেবি'র বৈদেশিক বিনিময় ব্যবসা পরিচালিত হয়। অর্থনৈতিক দিক থেকে গুরুত্বপূর্ণ ব্যবসায়িক স্থানসমূহে বিশ্বের নামীদামি ২৩০টি ব্যাংকের সাথে বিকেবি'র প্রতিনিধি (Correspondent) সম্পর্ক রয়েছে, যাদের মাধ্যমে আন্তর্জাতিক ব্যাংকিং ব্যবসা পরিচালিত হয়। বিদেশে কর্মরত প্রবাসী বাংলাদেশীদের প্রেরিত অর্থ “টাকা ড্রাফট” বা “বৈদেশিক মুদ্রায় টিটি” উভয় মাধ্যমে সর্বোচ্চ তিন দিনের মধ্যে প্রাপকের হিসাবে জমা করা হয়। দেশের প্রত্যন্ত গ্রামে-গঞ্জে ছড়িয়ে থাকা বিকেবি'র সকল শাখা এ সেবা প্রদানে বিশেষ ভূমিকা পালন করছে। বর্তমান বিশ্বে প্রতিযোগিতামূলক ব্যাংকিং ব্যবসায় টিকে থাকার প্রয়াসে বাংলাদেশ কৃষি ব্যাংক বৈদেশিক রেমিটেন্স ব্যবসার পরিধি সম্প্রসারণে উদ্যোগ গ্রহণ করেছে। বৈদেশিক রেমিটেন্স ব্যবসা বৃদ্ধির পদক্ষেপ হিসাবে ব্যাংক ইতোমধ্যে মধ্যপ্রাচ্যে ২৫টি এক্সচেঞ্জ হাউস/ব্যাংকের সাথে চুক্তিবদ্ধ হয়ে টাকা ড্রয়িং এরঞ্জমেন্ট স্থাপন করেছে। বাংলাদেশ কৃষি ব্যাংক বিদেশে ২১টি ব্যাংকের সাথে নষ্ট্র হিসাব পরিচালনা করছে এবং বর্তমান অর্থবছরে অত্র ব্যাংক আমেরিকা/কানাডাসহ মধ্যপ্রাচ্যের বেশ কয়েকটি কোম্পানীর সাথে ইলেক্ট্রনিক মানি ট্রান্সফার চুক্তি সম্পাদনের উদ্যোগ গ্রহণ করেছে। তাছাড়া আন্তর্জাতিক বিভাগ (রেমিটেন্স) এর দায়িত্বে অটোমেশনসহ প্রযুক্তিগত উন্নতি সাধনের ব্যবস্থা করা হয়েছে। এতে তাৎক্ষণিকভাবে বেনিফিসিয়ারীর হিসাব ক্রেডিট অথবা নগদে (Instant Cash) রেমিটেন্সের অর্থ পরিশোধ করা যাবে। তাছাড়াও বিশ্বের বিভিন্ন দেশে বিস্তৃত ও সুপরিচিত Western Union এর সাথে বাংলাদেশ কৃষি ব্যাংকের Pin Code/Spot Cash পদ্ধতিতে Taka Drawing Arrangement স্থাপনসহ এ বিষয়ে একটি চুক্তিপত্র সম্পাদিত হয়েছে এবং ইতোমধ্যে বিকেবি'র সকল শাখায় Western Union এর মাধ্যমে “মানি ট্রান্সফার” কার্যক্রম শুরু হয়েছে। বিশ্বের ২০০টি দেশ হতে প্রবাসী বাংলাদেশীগণ Western Union এর মাধ্যমে রেমিটেন্স প্রেরণ করতে পারবেন। Western Union এর রেমিটেন্স কার্যক্রম পরিচালনার জন্য সকল শাখায় ইতোমধ্যে মোবাইল ফোন সরবরাহ করা হয়েছে। বহুমুখী কার্যক্রম গ্রহণের ফলে বাংলাদেশ কৃষি ব্যাংকের বৈদেশিক রেমিটেন্স সংগ্রহে গতিশীলতা বৃদ্ধি পেয়েছে। তাছাড়া ৪০৪ টি ব্যাংকের সাথে SWIFT- BKB Arrangement করার ফলশ্রুতিতে সর্বোচ্চ মান ও দ্রুত গ্রাহক সেবা প্রদান সম্ভব হয়েছে। উন্নত এ ব্যাংকিং টেলিযোগাযোগ প্রযুক্তি গ্রহণের ফলে আন্তর্জাতিক ব্যাংকিং এ সর্বোচ্চ মান ও দ্রুত গ্রাহক সেবা প্রদান করা হচ্ছে।

২০১০-২০১১ অর্থবছরে বিকেবি'র বৈদেশিক বিনিময় ও বাণিজ্য উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পায়। বিগত বছরের সাথে যার তুলনামূলক অবস্থা নিম্নরূপ :

(কোটি টাকায়)			
অর্থবছর	২০০৯-২০১০	২০১০-২০১১	(+/-)
আমদানি	৩৫৭২.২৩	৫৭৯৭.২৬	২২২৫.০৩
রপ্তানি	১৭৫১.৫১	২৫৭৩.৩২	৮২১.৮১
ইনওয়ার্ড রেমিটেন্স	১২০৫.৯৩	১৩৩৩.২৯	১২৭.৩৬
আউটওয়ার্ড রেমিটেন্স	১২.২৩	১০.৫৫	(-)১.৬৮

৮.০০ তথ্য প্রযুক্তি এবং অটোমেশন :

উন্নত প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে দ্রুত ও মান সম্পন্ন গ্রাহক সেবা প্রদানের লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়ের সকল বিভাগ, মাঠ পর্যায়ের বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় এবং আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ কম্পিউটারাইজেশন করা হয়েছে। ২০১০-২০১১ অর্থবছর পর্যন্ত মোট ১৬২টি শাখা কম্পিউটারাইজেশন করা হয়েছে। এই সকল শাখাসমূহে দ্রুততর সেবা নিশ্চিত করার লক্ষ্যে ইতোমধ্যে ওয়ানস্টপ সার্ভিস সুবিধা চালু করা হয়েছে। এই গুরুত্বপূর্ণ শাখাসমূহের মধ্যে অনলাইন ব্যাংকিং সুবিধা প্রদানের কাজ প্রক্রিয়াধীন আছে। ইতোমধ্যেই বিকেবি নিজস্ব ওয়েব-সাইট চালু করেছে। এ বছর সামাজিক দায়বদ্ধতামূলক কার্যক্রম (CSR) এর আওতায় কৃষকের ১০/- (দশ) টাকার ব্যাংক হিসাব রক্ষনাবেক্ষন এবং বৈদেশিক রেমিটেন্স গ্রহণের জন্য ব্যাংকের অতিরিক্ত ৭৯২ টি শাখায় কম্পিউটারাইজেশন কার্যক্রম শুরু হয়। বিকেবি'র স্থানীয় মুখ্য কার্যালয় (LPO) সহ ২৬ টি শাখায় বাংলাদেশ ব্যাংকের সাথে নেটওয়ার্ক স্থাপনের মাধ্যমে বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউস (BACH) এবং ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (EFTN) কার্যক্রম শুরু হয়েছে।

৯.০০ শাখা নেটওয়ার্ক :

দেশের প্রত্যন্ত এলাকায় ব্যাংকিং সুবিধা পৌঁছে দেয়ার লক্ষ্যে বর্তমানে মাঠ পর্যায়ে ৯টি বিভাগীয় কার্যালয়, ৯টি বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ২৯টি মুখ্য আঞ্চলিক কার্যালয়, ২৪টি আঞ্চলিক কার্যালয় এবং ৫৩টি আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় রয়েছে। ২০১০-২০১১ অর্থবছরে ১৮টি নতুন শাখা খোলা হয়েছে এবং ৩০ জুন ২০১১ এ ব্যাংকের মোট শাখার সংখ্যা ছিল ৯৭২ টি। এর মধ্যে ৮৪২ (৮৭%) টি গ্রামীণ এবং অবশিষ্ট ১৩০ (১৩%) টি শহুরে শাখা। ২০১০-২০১১ অর্থবছর পর্যন্ত কর্পোরেট শাখা মোট ৭টি।

১০.০০ জনশক্তি :

জনশক্তি কাঠামো অনুযায়ী ৩০ জুন, ২০১১ তারিখে কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা ১৩,৬৮০ জন থাকার কথা ছিল। কিন্তু প্রকৃতপক্ষে ঐ তারিখে ৯,১৬৬ জন কর্মকর্তা/কর্মচারী কর্মরত ছিলেন। ফলে ঐ তারিখে ব্যাংকের জনশক্তির ঘাটতি ছিল ৪,৫১৪ জন।

১১.০০ মানব সম্পদ উন্নয়ন :

দ্রুত পরিবর্তনশীল ও সময় উপযোগী ব্যাংকিং ধারার সাথে কর্মরত জনশক্তিকে সম্পৃক্ত করা ও তাদের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংক ২০১০-২০১১ অর্থ বছরে মানব সম্পদ উন্নয়নে সবিশেষ গুরুত্ব আরোপ করেছে। এ লক্ষ্যে ব্যাংকের ট্রেনিং ইনস্টিটিউট বেশ কয়েকটি নতুন নতুন ট্রেনিং কোর্স প্রবর্তন করে। এ বছরে নিজস্ব ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক ৬৬ টি প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে ১৪২৪ জন কর্মকর্তা ও কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। তাছাড়া পেশাগত উৎকর্ষ ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ গ্রহণের জন্য আলোচ্য অর্থবছরে নিজস্ব ট্রেনিং ইনস্টিটিউট ছাড়াও দেশের অন্যান্য বিশেষায়িত প্রশিক্ষণ প্রতিষ্ঠান যেমনঃ বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট (বিআইবিএম), বাংলাদেশ ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট, ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড, বাংলাদেশ পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, র‍্যাপোর্ট বাংলাদেশ লিঃ, বিএসটিডি, পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড) কুমিল্লা, রপ্তানি উন্নয়ন ব্যুরো, বাংলা একাডেমী, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (BPATC), ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (DCCI), স্বনির্ভর বাংলাদেশ, বাংলাদেশ অর্থনীতি সমিতি, আইসিসি বাংলাদেশ, পিকেএসএফ, বিইআই, বাফেদা, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলসহ অন্যান্য প্রতিষ্ঠানে উল্লেখযোগ্য সংখ্যক কর্মকর্তা/কর্মচারীকে প্রেরণ করে। তাছাড়াও প্রতিবেদনাধীন সময়ে বহির্বিধের ব্যাংকিং ধারার সাথে ব্যাংক কর্মকর্তা ও কর্মচারীদের পরিচিত করার লক্ষ্যে ব্যাংক অন্যান্য দেশে ট্রেনিং কোর্স, সেমিনার/কর্মশালায় বেশ কিছু কর্মকর্তা/কর্মচারী প্রেরণ করেছে।

বিকেবি ট্রেনিং ইনস্টিটিউট ব্যতীত মানব সম্পদ উন্নয়ন বিভাগ কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণ সংক্রান্ত বিবরণী।

বছর/অর্থবছর	প্রশিক্ষণ সংখ্যা		মোট
	দেশে	বিদেশে	
২০০৬-২০০৭ (জুলাই/০৬-জুন/০৭)	৩৪৩	০৪	৩৪৭
২০০৭-২০০৮ (জুলাই/০৭-জুন/০৮)	৩০৫	১৭	৩২২
২০০৮-২০০৯ (জুলাই/০৮-জুন/০৯)	১৩৩	০২	১৩৫
২০০৯-২০১০ (জুলাই/০৯-জুন/১০)	১২০	০৫	১২৫
২০১০-২০১১ (জুলাই/১০-জুন/১১)	২০৫	০৬	২১১

১২.০০ ব্যাংকের অন্যান্য কার্যক্রম :

সাধারণ ব্যাংকিং কার্যক্রম পরিচালনার পাশাপাশি বিকেবি নিজস্ব কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদেরকে শিক্ষা ক্ষেত্রে উৎসাহ প্রদান করার জন্য নিম্নলিখিত কর্মকান্ড পরিচালনা করে।

⇒ বদান্য তহবিল হতে ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের ছাত্র বৃত্তি প্রদান :

২০১০-২০১১ অর্থবছর

বৃত্তির ধরন	সংখ্যা	টাকার পরিমাণ
সাধারণ বৃত্তি	৪১৭৪	৬৩,২৯,৪০০/-
বিশেষ ছাত্র বৃত্তি	২১৯	৩,৯১,২০০/-
মোট =	৪৩৯৩	৬৭,২০,৬০০/-

⇒ বাংলাদেশ কৃষি ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের মৃত্যু পরবর্তী অনুদান এবং অসুস্থ কর্মকর্তা/কর্মচারী ও তাদের পোষ্যদের চিকিৎসা অনুদান প্রদান করে থাকে। ২০১০-২০১১ অর্থবছরে ব্যাংক এ খাতে যথাক্রমে ২,০০,০০,০০০/- টাকা ও ৩০,০০,০০০/- টাকা প্রদান করেছে।

⇒ ২০১০-২০১১ অর্থবছরে বিকেবি ৩১৩ জন ব্যাংক কর্মকর্তা/কর্মচারীকে মোট ৫১,০১,১৪,৬৯৯/- টাকা অবসরভাতা (Retirement Benefit) সুবিধা প্রদান করেছে।

১৩.০০ ২০১০-২০১১ অর্থ বছরে উল্লেখযোগ্য অর্জনসমূহ :

- ◇ কৃষি ও কৃষি সম্পর্কিত খাতসমূহে লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ করায় কৃষিখাতসমূহের সুখম উন্নয়ন ও বিকাশ নিশ্চিতকরণের পাশাপাশি কৃষি বহুমুখীকরণ, আধুনিকায়ন, বাণিজ্যিকীকরণ ও গ্রামীণ জনগোষ্ঠীর জীবন যাত্রার মানোন্নয়নে বিশেষ অবদান রাখা সম্ভব হয়েছে।
- ◇ কৃষি পণ্যের বহুমুখীকরণ, বিপণন ও আধুনিকায়নে নিয়োজিত বিভিন্ন প্রতিষ্ঠানকে ব্যাংকের ঋণ বিতরণ কর্মসূচির আওতায় আনার ফলে ব্যাংকের পরিচালন কর্মকাণ্ডে বাণিজ্যিক সম্ভাবনা বৃদ্ধি পেয়েছে।
- ◇ উন্নত গ্রাহক সেবা নিশ্চিত করায় পূর্ববর্তী বছরের চেয়ে ১৭৪৪.৮৭ কোটি টাকা আমানত বৃদ্ধি পেয়েছে। ফলে মোট আমানতের পরিমাণ দাঁড়িয়েছে ১২,৮৩২.২৮ কোটি টাকায়।
- ◇ এ সময়ে ব্যাংক অশ্রেণীকৃত ঋণের পরিমাণ পূর্ববর্তী বছরের চেয়ে ২,৩৩৯.৪৩ কোটি টাকা বৃদ্ধি করতে সক্ষম হয় যা ব্যাংকের আয় বৃদ্ধিতে ইতিবাচক ভূমিকা রাখে।
- ◇ বছরের শুরুতেই লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেয়ায় এ সময়ে পূর্ববর্তী অর্থবছরের তুলনায় আমদানি ৬২.২৯%, রপ্তানি ৪৬.৯২% ও ইনওয়ার্ড রেমিটেন্স ১০.৫৬% বৃদ্ধি পায়।
